



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
 কলেজ বিভাগ

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে যশোর শিক্ষা বোর্ডে যে সকল শিক্ষার্থী ভর্তি হতে পারেনি কেবল তাদের জন্য ভর্তি দিইন্নি।

এ শিক্ষা বোর্ডের আওতাধীন কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ, অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অনিবার্য কারণবশত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর আওতাধীন কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে যে সকল শিক্ষার্থী এখনো ভর্তি হতে পারেনি কেবল তারা সংশ্লিষ্ট কলেজে আসন শূন্য এবং নির্ধারিত নৃন্যাতম জিপিএ থাকা সাপেক্ষে ১১-১২-২০২৩ খ্রি, তারিখ থেকে ১৩-১২-২০২৩ খ্রি, তারিখ পর্যন্ত মাধ্যমিক ও মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর ওয়েবসাইটে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে পারবে।

আবেদন ও ভর্তির নিয়মাবলী-

১। যে সকল শিক্ষার্থী একাদশ শ্রেণিতে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে কোনও কলেজে ভর্তি হতে পারেনি শুধুমাত্র সে সকল শিক্ষার্থী ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে পারবে।

২। যশোর বোর্ডের ওয়েবসাইটের বায় দিকে Our Services অপশনের "XI(Eleven)Class Admission" মেনু থেকে অনলাইনে ভর্তির জন্য ০৫ (পাঁচ)টি কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয় পছন্দক্রম অনুসারে নির্বাচন করে আবেদন দাখিল করতে পারবে।

৩। আবেদন দাখিলের পর ০৩ দিনের মধ্যে অটো-জেনারেটেড সোনালী সেবা রসিদে সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ৫৮৫/- (পাঁচশত পাঁচশিশি)টাকা (১৫০/- আবেদন ফি, ৩৩৫/- রেজিস্ট্রেশন ফি, ১০০/- ভাট এন্ড ফি বাবদ) জমা দিতে হবে। সোনালী সেবার মাধ্যমে টাকা সোনালী ব্যাংকে জমা ইওয়ার পর আবেদন দাখিলের কাজ সম্পন্ন হবে। অন্যথায় দাখিলকৃত আবেদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

৪। একজন শিক্ষার্থী যে কলেজগুলো (০৫টি) নির্বাচন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, পছন্দক্রমের ভিত্তিতে যে কলেজে মনোনয়ন দেয়া হবে সেই কলেজে শিক্ষার্থীকে ১৪-১২-২০২৩ খ্রি, তারিখের মধ্যে ভর্তি হতে হবে। কলেজ মাইগ্রেশনের বা আবেদন বাতিলের বা পুনরায় আবেদনের কোন সুযোগ থাকবে না। মনোনয়নপ্রাপ্ত কলেজে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি না হলে, মনোনয়ন এবং আবেদন বাতিল হয়ে যাবে। পরবর্তীতে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করার আর কোন সুযোগ থাকবে না।

অপর পাতায়

৫। নির্ধারিত সময়ের পর আর কোনভাবে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির সুযোগ থাকবে না। ফলে কলেজ নির্বাচনের খেতে নিজ জিপিএ এবং সংশ্লিষ্ট কলেজের শূন্য আসন সংখ্যা বিবেচনায় নিয়ে সতর্কতার সহিত কলেজ পছন্দক্রম নির্বাচন করতে হবে।

ক্রমিক	বিষয়	তারিখ
০১	ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ	১১-১২-২০২৩ থেকে ১৩-১২-২০২৩ খ্রি,
০২	নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	১৪-১২-২০২৩ খ্রি,
০৩	কলেজ ভর্তি গ্রহণ ও কলেজ কর্তৃক বিষয় রেজিস্ট্রেশন	১৪-১২-২০২৩ খ্রি, ১৫-১২-২০২৩ খ্রি,


৬। কলেজসমূহে মনোনীত শিক্ষার্থীদের ভর্তি গ্রহণ করে "Student Management" মেনু থেকে ১৪-১২-২০২৩ খ্রি, তারিখ হতে ১৫-১২-২০২৩ খ্রি, তারিখের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় রেজিস্ট্রেশন সম্পন্ন করবে।

৭। সংশ্লিষ্ট সকল ফেলো মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত "২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৩" অনুসরণ করতে হবে।

৮। কোন শিক্ষার্থীর অজ্ঞাতে কোন প্রতিষ্ঠান তার পক্ষে আবেদন করতে পারবে না। এরপে ঘটলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে কাঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। এ বিজ্ঞপ্তি শেষ হওয়ার পর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



১০/১২/২০২৩
(মদন মোহন দাশ)

উপ-কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

ফোন: ০২৪৭৭-৭৬২৬৯৮

ইমেইল: ic@jessoreboard.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।
- ২) মেক্সিল অফিসার, কলেজ লিবঙ্গন শাখা, মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।